

## ফতওয়া নং ৩০৫

### প্রশ্ন:

শাইখ, আমাদের গ্রাম এর মসজিদে বর্তমানে কোনো মুয়াজ্জিন ফিক্সড নেই। অর্থাৎ তিনি ঘোষণা দিয়াছেন নিজের পদ ছেড়ে দেওয়ার, ওনার অনেক বয়স হইছে শারীরিক ও মানসিক ভাবে অসুস্থ। কেউ মুয়াজ্জিন পদে নিযুক্ত হতে চায় না। বর্তমানে প্রাপ্তন মুয়াজ্জিন সাহেব মসজিদের মুয়াজ্জিন সাহেবর দায়িত্ব পালন করছেন। প্রায়ই সময় কিছু দাঁড়ি চাঁচ্ছা ব্যক্তি আজান দিয়ে দেয়, যোগ্যতাপূর্ণ লোক থাকা সত্ত্বেও। ওনাদের কার ওর মাখরাজ, তাজউইদ ঠিক নেই। আমরা ইমাম সাহেব কে এজন্য বলে থাকি তিনি আমাদের সহযোগিতা করেন, কিণ্তু ওনাদের বলেন না যে যোগ্যতাসম্পূর্ণ মানুষ থাকতে কেন আজান, ইকাম - ত দেবে। উক্ত পরিস্থিতিতে আমাদের যুবসমাজ এর কী করণীয় ?

### উত্তর:

এক মুষ্টির ভেতর দাড়ি কতন করে বা মুণ্ডায়-এমন ব্যক্তি শরীয়তের দৃষ্টিতে ফাসেকের অন্তর্ভুক্ত, যার আযান ও ইকামত মাকরুহে তাহরীমি। তাই দাড়ি কাটা ব্যক্তি আযান দিলে তা দোহরানো মুস্তাহাব। কিন্তু ইকামত দোহরানোর প্রয়োজন নেই। (আল বাহরুরাইক ১/৪৬০, আহসানু ফাতাওয়া ২/২৮৭)

মসজিদ কর্তৃপক্ষের বা মসজিদের অধিনস্থ ব্যক্তিদের কর্তব্য হলো, যোগ্য মুয়াজ্জিন নিযুক্ত করা। “কেউ মুয়াজ্জিন পদে নিযুক্ত হতে চায় না।” কথাটি বোধগম্য নয়। উপযুক্ত বেতন দিলে ইমাম-মুয়াজ্জিন পাওয়া না যাওয়ার কোনো কারণ নেই।

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

০৪ রমযান, ১৪৪৫ হিজরী (15/03/2024)